

U.G. 1st Semester Examination - 2021

BENGALI

Course Code : BBNGCCHT102

Course Title : আধুনিক বাংলা সাহিত্য

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 1 = 10$
- ক) ‘পদ্মিনী উপাখ্যান’ গ্রন্থটি প্রথম প্রকাশ কালে তার আখ্যা পত্রে ইংরেজিতে যে বাক্যবন্ধটি লেখা ছিল তা উল্লেখ করো।
- খ) ভীম সিংহ ও পদ্মিনীর অশ্ব যুগলের নাম লেখো।
- গ) ‘গুডুম গুম্ গুডুম গুম্ মহাশব্দ তোপে।
পড়ে সৈন্যঠাটে তরোবার কোপে।।’
‘ঘোরতর যুদ্ধ’ অংশের উদ্ধৃত চরণে কবি কোন্ ছন্দ ব্যবহার করেছেন?
- ঘ) চিতোরের সেনা প্রধানের নাম লেখো।
- ঙ) ‘কাঙালের কথা বাসি হলে খাটে’ — এই উক্তির অর্থ লেখো।

- চ) ‘মিনসের মুখ খান মনে পড়লি আজো মোর পরানডা ডুকরে ক্যাদে ওঠে’ — ‘মিনসে’ বলতে বক্তা কাকে বুঝিয়েছে?
- ছ) ‘ধর্মান্বর্তার, গালাগালি খেতেও আমরা, ‘পয়জার’ খেতেও আমরা, ‘শ্রীঘর যেতেও আমরা’ — উক্তিটিতে ‘পয়জার’ ও ‘শ্রীঘর’ শব্দ দুটির অর্থ লেখো।
- জ) ‘আলালের ঘরের দুলাল’ রচনাটিতে ক’টি অধ্যায় আছে?
- ঝ) বেচারাম বাবুর বৈঠকখানায় কীর্তনীয়ারা কোন্ পর্যায়ের গানগুলি গেয়েছিলেন?
- ঞ) বাবুরাম বাবু কোথাকার জমিদার ছিলেন?
- ট) ‘আলালের ঘরের দুলাল’ গ্রন্থটির ইংরেজি অনুবাদের নাম লেখো।
- ঠ) ‘মরুভূমির মধ্যে আর একবার মরীচিকা দেখিতে লাগিলাম’ — ‘মরীচিকা’ বলতে এখানে কী বোঝানো হয়েছে?
- ড) ‘পোষ্টমাষ্টার’ কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- ঢ) ‘মেঘ ও রৌদ’ গল্পটি প্রথম কোন্ পত্রিকায় কবে প্রকাশিত হয়েছিল?
- ণ) ‘আহা, দুটিতে বেশ মানায়।’ — কার উক্তি?

- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$
- ক) পদ্মিনী উপাখ্যানে ‘ক্ষত্রিয়দিগের প্রতি রাজার উৎসাহ বাক্য’ অংশে পাশ্চাত্য কোন্ কবির কোন্ কবিতার অনুসরণ লক্ষ করা যায়?

- খ) 'আমি স্বীয় দল বলে
অনলে প্রবেশি ত্যাজি প্রাণে।।'
—উক্তিটির বক্তা কে?
কী কারণে তিনি অগ্নিতে আত্মহত্যা দিতে চাইছেন?
- গ) 'কি পদাঘাতই করিতেছে বাপ! বেটা যেন আমার কালেজ
আউট বাবুদের গৌন পরা মাগ?' — উক্তিটির বক্তা কী
কারণে একথা বলেছে?
- ঘ) 'নীলদর্পণ' নাটকে ব্যবহৃত দুটি প্রবাদের উল্লেখ করো।
- ঙ) ঠক চাচা ও ঠক চাচার শেষ পরিণতি কী হয়েছিল?
- চ) মতিলাল বারণসীতে গিয়ে প্রতিদিন কী করত?
- ছ) 'দাদাঠাকুর এখন আমার বউকে বাঁচাইবার কী উপায় করি?'
—বক্তা কে? 'দাদাঠাকুর' কে?
- জ) "আমার কেমন দুর্বুদ্দি হইল আমি প্রথমেই বলিয়া ফেলিলাম,
আমি চিনি না।"
— উক্তির বক্তা কে? তার এরূপ বলার কারণ কী?

- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$
- ক) 'নীলদর্পণ' প্রচারধর্মী উদ্দেশ্যমূলক নাটক কিনা আলোচনা
করো।
- খ) মতিলালের বিভিন্ন ভাষা শিক্ষার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- গ) 'মেঘ ও রৌদ্র' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

- ৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ১০ = ১০$
- ক) 'পদ্মিনী উপাখ্যান'—এ ট্রাজিক নামক রূপে ভীম সিংহ
চরিত্রটি বিচার করো।
- খ) 'আলালের ঘরের দুলাল' কী জাতীয় রচনা তা আলোচনা
করো।
- গ) 'নীলদর্পণ' নাটকে নারীচরিত্র গুলি নির্মাণে নাট্যকারের কৃতিত্ব
আলোচনা করো।